**website: www.bb.org.bd**

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

বিআরপিডি সার্কুলার লেটার নং-২১

তারিখঃ ২৭ এপ্রিল ২০২০ / ১৪ বৈশাখ ১৪২৭

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-19)-এর প্রাদুর্ভাবের কারণে সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য আর্থিক প্রণোদনা হিসেবে সহজ শর্তে ঋণ/বিনিয়োগ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ০২ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৭, ০৮ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪ এবং ১৫ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২) সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, আলোচ্য আর্থিক প্রণোদনা প্যাকেজের আওতায় Export Processing Zone (EPZ), Economic Zone (EZ) এবং High Tech Park এর C-Type এর পাশাপাশি B-Type শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের বেতন/ভাতা প্রদান করা যাবে।

৩) বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী বাণিজ্য সংগঠনের আবেদনের প্রেক্ষিতে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, সূত্রোস্থ সার্কুলার ও সার্কুলার লেটারে উল্লেখিত সচল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের নিমিত্ত ঋণ/বিনিয়োগের আবেদনের তারিখ ০২ মে ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। ০২ মে ২০২০ তারিখ পর্যন্ত প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে ঋণ/বিনিয়োগ প্রদানকারী ব্যাংক কর্তৃক তাদের ঋণ/বিনিয়োগ চাহিদা বাংলাদেশ ব্যাংক বরাবরে আগামী ০৩ মে ২০২০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।

৪) এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৫) সংশ্লিষ্ট সকল পক্ষকে উক্ত বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নুরুল আলম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩৫৯